উন্নয়নের মূলধারায়
**আলোকিত বাংলাদেশ**

# রাজবাড়ীতে মাশকালাই চাষে প্রশিক্ষণ শেষে উপকরণ বিতরণ

প্রকাশ: ১৫ অক্টোবর ২০২৫, ১৬:১০ । অনলাইন সংস্করণ

রাজবাড়ী প্রতিনিধি




রাজবাড়ীতে মাশকালাই চাষে আধুনিক উৎপাদন কলাকৌশল ও মুষ্টিমান বিষয়ক দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ শেষে কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়।

বুধবার (১৫ অক্টোবর) সকালে রাজবাড়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে মাদারীপুর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্রের উদ্যোগে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাল গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী (বিএআরআই) এর পরিচালক ড. মো. মাজহারুল আনোয়ার।

বিশেষ অতিথি ছিলেন রাজবাড়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ড. মো. শহিদুল ইসলাম এবং ফরিদপুর সরেজমিন গবেষণা বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মো. মাহমুদুর রহমান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাদারীপুর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, (বিএআরআই) এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. সেলিম আহম্মেদ।

বক্তারা বলেন, "মাশকালাই ডাল প্রেটিন, ফাইবার, আয়রন ও ভিটামিন-বি সমৃদ্ধ। এটি হজমশক্তি বৃদ্ধি করে, বলবর্ধক হিসেবে কাজ করে, হৃদযন্ত্র সুস্থ রাখে এবং ডায়াবেটিস নিয়ন্ত্রণে সহায়তা করে।"

দিনব্যাপী এ প্রশিক্ষণে অংশগ্রহণকারী ৬০ জন কৃষক-কৃষাণীর মাঝে চার্জার, স্প্রে মিশিন, বীজ সংরক্ষণের ড্রাম এবং বীজ শুকানোর জন্য ত্রিপল বিনামূল্যে বিতরণ করা হয়।

সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত আলোকিত বাংলাদেশ ২০১৩-২০২৫

## সম্পাদক ও প্রকাশক: কাজী রফিকুল আলম

সম্পাদক ও প্রকাশক কর্তৃক আলোকিত মিডিয়া লিমিটেড।